

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৪০

৩১/ হৃদয়-গলানো উপদেশ

পরিচ্ছেদঃ কিয়ামতের কতিপয় লক্ষণ

আরবী

وَعَنهُ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَيْلِي لاَ تَقُومُ السَّاعَةُ حَتَّى يَحْسِرَ الفُرَاتُ عَنْ جَبَلِ مِنْ ذَهَبِ يُقْتَلَلُ عَلَيْهِ فَيُقْتَلُ مِنْ كُلِّ مِنْ كُلِّ مِنَّةٍ تِسْعَةٌ وَتِسْعُونَ فَيَقُولُ كُلُّ رَجُلٍ مِنْهُمْ: لَعَلِّي أَنْ أَكُونَ أَنَا يُقْتَلُ عَلَيْهِ فَيُقْتِلُ مِنْ كُلِّ مِنْ كُلِّ مِنْ ذَهَبٍ فَمَنْ حَضَرَهُ فَلاَ يَأْخُذُ مِنْهُ أَنْ يَحْسِرَ الفُرَاتُ عَنْ كَنْزٍ مِنْ ذَهَبٍ فَمَنْ حَضَرَهُ فَلاَ يَأْخُذُ مِنْهُ شَيْئاً متفق عليه

বাংলা

(৩৮৪০) উক্ত রাবী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ততদিন পর্যন্ত মহাপ্রলয় সংঘটিত হবে না, যতদিন পর্যন্ত ফুরাত নদী (তার গর্ভস্থ) একটি সোনার পাহাড় বের না ক'রে দেবে; যা নিয়ে যুদ্ধ চলবে। তাতে নিরানব্বই শতাংশ মানুষ নিহত হবে! তাদের প্রত্যেকেই বলবে যে, 'সম্ভবতঃ আমি বেঁচে যাব।

অন্য এক বর্ণনায় আছে, অদূর ভবিষ্যতে ফুরাত নদী তার গর্ভস্থ স্বর্ণের খনি বের ক'রে দেবে। সুতরাং সে সময় যে সেখানে উপস্থিত হবে, সে যেন তা থেকে কিছুই গ্রহণ না করে।

ফুটনোট

(বুখারী ৭১১৯, মুসলিম ৭৪৫৪-৭৪৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন